গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.lddp.portal.gov.bd

স্মারক নং: ৩৩.০১.০০০০.৮২৮.২৫.০১৮.২০/ ৬৫৪

তারিখ: ২৯/০৩/২০২১খ্রি:

# অফিস আদেশ

**বিষয়: প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)-এর প্রশিক্ষণ স্থগিত প্রসঙ্গে।**
সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রজ্ঞাপন নং-০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪; তারিখ: ২৯ মার্চ, ২০২১ খ্রি: মোতাবেক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমনের বিদ্যমান পরিস্থিতি বিবেচনায় সূত্রোক্ত প্রজ্ঞাপনের (ছায়া লিপি সংযুক্ত) নির্দেশনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত আবাসিক প্রশিক্ষণ কোর্সসমূহ সাময়িকভাবে স্থগিত করা হল।

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | ভেন্যু | তারিখ |
|---|---|---|---|
| ১ | "Training on Herd production and Health Program" শীর্ষক DLS Officers দের প্রশিক্ষণ। | পল্লী উন্নয়ন একাডেমী (RDA), বগুড়া। | ৪ - ৮ এপ্রিল, ২০২১ খ্রি: |
| ২ | "Training of Trainers (Officers) on Business plan preparation" শীর্ষক প্রশিক্ষণ। | বিসিএস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা। | ৪ - ৮ এপ্রিল, ২০২১ খ্রি: |
| ৩ | "Training of Livestock Service Providers" শীর্ষক LSP দের প্রশিক্ষণ। | যুব প্রশিক্ষণ কেন্দ্র (YTC), বগুড়া। | ৩ - ২৩ এপ্রিল, ২০২১ খ্রি: |
| ৪ | "Training of Livestock Service Providers" শীর্ষক LSP দের প্রশিক্ষণ। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (BARD), কুমিল্লা। | ১ - ২১ এপ্রিল, ২০২১ খ্রি: |
| ৫ | "Training of Livestock Service Providers" শীর্ষক LSP দের প্রশিক্ষণ। | লাইভস্টক ট্রেনিং ইনস্টিটিউট (LTI), গাইবান্ধা। | ৪ - ২৪ এপ্রিল, ২০২১ খ্রি: |
| ৬ | "Training of Livestock Service Providers" শীর্ষক LSP দের প্রশিক্ষণ। | বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী ( বাপার্ড), কোটালিপাড়া, গোপালগঞ্জ। | ৪ - ২৪ এপ্রিল, ২০২১ খ্রি: |

প্রশিক্ষণ শুরুর তারিখ ও সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে।

২৯/০৩/২০২১


(মো: আব্দুর রহিম )
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
*Phone: 88-02-58154913*
*Email: lddp@dls.gov.bd*


**কার্যার্থে/জ্ঞাতার্থে অনুলিপি:**

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ( ইহা আপনার সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমী, সাভার, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ----------------------------
৫. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,-----------------------------।
৬. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,----------------------------।
৭. পল্লী উন্নয়ন একাডেমী (RDA), বগুড়া।
৮. যুব প্রশিক্ষণ কেন্দ্র (YTC), বগুড়া।
৯. বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (BARD), কুমিল্লা।
১০. লাইভস্টক ট্রেনিং ইনস্টিটিউট (LTI), গাইবান্ধা।
১১. বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী ( বাপার্ড), কোটালিপাড়া, গোপালগঞ্জ।
১২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১-১২৪

তারিখ ১৫ চৈত্র ১৪২৭
২৯ মার্চ ২০২১

## প্রজ্ঞাপন

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে সরকার নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

ক) সকল ধরণের জনসমাগম (সামাজিক/ রাজনৈতিক/ ধর্মীয়/ অন্যান্য) সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরণের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;

খ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

গ) পর্যটন/ বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরণের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;

ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;

ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে;

চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ছ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

জ) স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;

ঞ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বন্ধ থাকবে;

ট) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড্ডা বন্ধ করতে হবে। জরুরি প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;

ঠ) প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরণের স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে। মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ড) করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;

ঢ) জরুরি সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/ অসুস্থ/ বয়স ৫৫-উর্ধ্ব কর্মকর্তা/ কর্মচারীর বাড়িতে অবস্থান করে কর্মসম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ণ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;

ত) সশরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরণের গণপরীক্ষার ক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

থ) হোটেল-রেঁস্তোরাসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে;

দ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ............................ তারিখ ............................

০২। উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে সারাদেশে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আপাততঃ ০২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২১/৩/২১

(ড. আহমদ কায়কাউস)
**প্রধানমন্ত্রীর মুখ্য সচিব**

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব/ সচিব,........................... (সকল)- *[নিজ মন্ত্রণালয়/ বিভাগসহ আওতাধীন দপ্তর/ সংস্থা/ অফিস/ প্রতিষ্ঠান কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]*
৩. বিভাগীয় কমিশনার,........................... (সকল)
৪. জেলা প্রশাসক,.................................. (সকল)
৫. ..........................................

অনুলিপি:

১. প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/ সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।